

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক, এলাকা, ঢাকা।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)


নং ৫১.০১.০০০০.০১৯.৯৬.৪৬৪.১৫.৫২৩

তারিখ : ১৩-১১-২০১৯খ্রি।

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী” আওতায় ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছরের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির” (ইজিপিপি) আওতায় ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য ০২/১০/২০১৯খ্রি.তারিখের ৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৯.৪৬৩ নং বরাদ্দ আদেশ জারীকরণপূর্বক ১৯/১০/২০১৯খ্রি.হতে কাজ শুরু করে ৪০ (চল্লিশ) দিন অর্থাৎ ১২/১২/২০১৯ খ্রি.তারিখের মধ্যে কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে সরেজমিনে বিভিন্ন খাতের বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন শেষে দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর” (ইজিপিপি) প্রকল্প বাস্তবায়ন কাজ অনেক জেলায় এখনও শুরু করা হয়নি, ফলে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা সম্ভব হবে না।

২। এমতাবস্থায়, ২০১৯-২০২০ অর্থবছরের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর” (ইজিপিপি) আওতায় ১ম পর্যায়ের প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করে নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(মো. আবু বকর সিদ্দিক)

(যুগ্মসচিব)

পরিচালক (কাবিখা)

ফোন: ৯৮৬১১১৩

Email: ddmreport@gmail.com

প্রাপক,  
জেলাপ্রশাসক (সকল)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [প্রতিটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, (সকল)।
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
- ৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।